

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৩৫৭

আগরতলা, ১৫ অক্টোবর, ২০২৩

সোসাইটি ফর ওয়েলফেয়ার অব মগ সোসাইটি স্টুডেন্টসের নবীন বরণ

জনজাতিদের কল্যাণ ও সার্বিক বিকাশে সরকার অগ্রাধিকার দিয়েছে : মুখ্যমন্ত্রী

বৈচিত্র্যের মধ্যে এক্য আমাদের রাজ্যের চিরস্তন ঐতিহ্য। এই বৈচিত্র্যময় কৃষ্টি, সংস্কৃতি ও পরম্পরার মধ্যেই লুকিয়ে আছে ঐক্যের রূপ। জাতি ও জনজাতিদের পৃথক পৃথক ভাষা, পোশাক থাকা সত্ত্বেও আমরা সবাই এক ও অভিন্ন। দেশ, রাজ্য ও সর্বোপরি সমাজ গঠনে আমরা সবাই ঐক্যবদ্ধ। আজ আগরতলা টাউন হলে সোসাইটি ফর ওয়েলফেয়ার অব মগ সোসাইটি স্টুডেন্টস কর্তৃক আয়োজিত ১৭তম মেধা পুরস্কার ও নবীন বরণ অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। মুখ্যমন্ত্রী বলেন, রক্তের যেমন কোনও ধর্ম হয় না, তেমনি মানবতারও কোনও ধর্ম হয় না। আমাদের সর্বপ্রথম পরিচয় আমরা মানুষ। তাই মানুষ হিসেবে আমাদের মানবিক দায়িত্ব রয়েছে। ভিন্ন ভিন্ন কৃষ্টি ও সংস্কৃতি থাকলেও দেশ, রাজ্য ও সমাজের উন্নয়নে আমরা সবাই এক।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী রাজ্যের জনজাতিদের সার্বিক কল্যাণে বাস্তবায়িত সরকারের বিভিন্ন উদ্যোগসমূহ তুলে ধরে বলেন, জনজাতিদের কল্যাণ ও সার্বিক বিকাশে সরকার অগ্রাধিকার দিয়েছে। কামান চৌমুহনি সংলগ্ন জিরো পয়েন্টে মহারাজা বীরবিক্রম কিশোর মাণিক্যের মূর্তি বসানো হয়েছে। সরকারের উদ্যোগে আজ জনজাতিদের রিসা জাতীয় ও আন্তর্জাতিকস্তরে পরিচিতি লাভ করেছে। লেন্সুছড়াতে ট্রাইবেল রিসার্চ অ্যান্ড কালচারেল ইনসিটিউট কাম মিউজিয়ামের নতুন কার্যালয় নির্মাণের কাজ শুরু হয়েছে। বু (রিয়াৎ) শরণার্থীদের দীর্ঘ ২৩ বছরের সমস্যা সমাধানের জন্য ঐতিহাসিক চুক্তি স্বাক্ষরিত হয়েছে এবং বু পুনর্বাসন প্রক্রিয়া প্রায় শেষ পর্যায়ে রয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, জনজাতিদের কর্মসংস্থানের সৃষ্টি ও গুণগত রাবার উৎপাদন বৃদ্ধি করতে চিফ মিনিস্টার রাবার মিশন চালু করা হয়েছে। জনজাতি ছাত্রছাত্রীদের প্রাকমাধ্যমিক ও মাধ্যমিকোন্তর বৃত্তি প্রদান করা হচ্ছে। তাছাড়াও ছাত্রাবাস বৃত্তিও দেওয়া হচ্ছে। ১৭টি একলব্য মডেল রেসিডেন্সিয়াল স্কুল নির্মাণের কাজ চলছে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, শিক্ষাক্ষেত্রে সর্বাধিক গুরুত্ব দিয়ে সরকার কাজ করছে। কোনও ভাষা যাতে বিলুপ্ত না হয় সেই লক্ষ্যে সরকার সমস্ত ভাষার উন্নয়নে সমান গুরুত্ব দিচ্ছে। তিনি বলেন, আগরতলা মহিলা কলেজ, ফটিকরামের আবেদকর কলেজ ও গড়াছড়া সরকারি ডিপ্রি কলেজের হোস্টেল ভবন নির্মাণ করা হয়েছে। জনজাতিদের আরও বেশি সুযোগ সুবিধা প্রদানের জন্য এবারের বাজেটেও সংস্থান রাখা হয়েছে। জনজাতি এলাকার যোগাযোগ, অর্থনৈতিক ও সার্বিক বিকাশে বিশ্ব ব্যাঙ্ক ত্রিপুরা রুরাল ইকোনমিক প্রোথ অব সাস্টেনেবেল সার্ভিস ডেলিভারি প্রজেক্টে সম্প্রতি ১৪০০ কোটি টাকার একটি প্রকল্পের অনুমোদন দিয়েছে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার।
অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন বিধায়ক মাইলাফু মগ, ধন্মদীপা ফাউন্ডেশনের ভাইস
চেয়ারম্যান খেমাছড়া, মগ সোসিও কালচারেল অর্গানাইজেশনের সভাপতি কংজারি মগ
চৌধুরী প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন সোসাইটি ফর ওয়েলফেয়ার অব মগ সোসাইটি
স্টুডেন্টসের সাধারণ সম্পাদক রাকেশ মগ। অনুষ্ঠানে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে উত্তীর্ণ
মগ সম্প্রদায়ের ১০ জন কৃতী মেধাবী ছাত্রছাত্রীকে পুরস্কৃত করা হয়। মুখ্যমন্ত্রী সহ
অন্যান্য অতিথিগণ ছাত্রছাত্রীদের হাতে পুরস্কার তুলে দেন।
